
aurthohin
2

# In Loving Memory of



Photo by Ahnaf Ahmed Sakib

## A.K. Ratul

1991-2025

এক দেশে এক ছেলে ছিল খুবই শান্ত
সারাটা দিন মুখে হাসি শুধু সুর নিয়ে খেলতো
গানের গলা শুনে সবাই আকাশে ভাসতো
এক দেশে এক ছেলে ছিল খুবই শান্ত

# aurthohin



## Bassbaba Sumon

Vocals, Basses, Guitars



## Mark Don

Drums, Vocals, Guitars



## Ehtesham Ali Moeen

Guitars

# Guest Appearance



**Frank Gambale**

Guitar

(Bedonar Chorabali 2)



**Bob Franceschini**

Saxophone

(Bedonar Chorabali 2)



**Bubby Lewis**

Bass

(Phoenix 2)



**Ahnaf**

Vocal

(Cactus)

Photo: Internet

All songs are
produced, arranged
& Performed by

# aurthohin

Studios:

Studio Bass

Blackout Studios

Album Mixed & Mastered BY

Ekram Wasi

Mixbuss Studio

Management & PR
Ehsanul Huq Tito

Event Management
Rajib Rahman Sohan

Stage Management
Md. Bayazid khan

Event Co-ordinator & Logistics
Get set Rock

Merchandising Partner
Heavy Metal T-Shirt

Art & Illustration
Verse Imagine

Video Animation Partner
Verse Imagine

Band Photography
Bayezid Bin Waheed

Special Thanks To

Rid Farabi
Bayazid

for their unconditional work & support.

## Agent

GETSETROCK.COM

## Email

AURTHOHIN@GMAIL.COM

## Telephone

+ 880 1746 836 176

## Social Platforms

AURTHOHIN.COM

FB.COM/AURTHOHINS

YOUTUBE.COM/BASSBABA

# ফিনিক্স ২
(feat. Bubby Lewis)

মা দেখো আজ আমি উড়ছি আকাশটাতে
কোনো বাধা নাই
মা দেখো আজ আমি উড়ছি আকাশটাতে
কোনো বাধা নাই

মা আজ কেন তুমি
খুলছোনা তোমার ঐ চোখ
দেখছোনা কেন আমার এই বিজয়
মা আজ কেন তুমি
নিচ্ছো না এ বিজয়ের স্বাদ
ধরছোনা কেন আমার এই হাত
মা আজ কেন তুমি
খুলছোনা তোমার ঐ চোখ
শুনছিনা কেন হৃদপিণ্ডের শব্দ
মা মোর পাখাগুলো
যাচ্ছে কেন বদলে
যেন পচে যাওয়া অশুভ নষ্ট

তলিয়ে যাইনি আমি কোনো চোরাবালিতে
ভেসে যাইনি আমি কোনো সুনামিতে
তলিয়ে যাইনি আমি কোনো চোরাবালিতে
ভেসে যাইনি আমি কোনো সুনামিতে

আমি আলোর অপর প্রান্তের সিংহাসনে বসা কেউ
আমি প্রতিশোধের দিয়াশলাই আর গ্যাসোলিনের ঢেউ
আমি আলো ছড়ানো অন্ধকারের ফিনিক্সের অংশ
আমি তাচ্ছিল্যকারীর পানির পাত্রের সায়ানাইড আর ধ্বংস!

তলিয়ে যাইনি আমি কোনো চোরাবালিতে
ভেসে যাইনি আমি কোনো সুনামিতে
আমার আধারের দিনে যারা হয়েছিল অদৃশ্য
হয়ে যাবে ধীরে ধীরে তারা এ সমাজে নগণ্য
এক পাখা জ্বলন্ত আরেক পাখা রক্ত
আমি এভাবেই উড়ি ঘেন্নায় মস্তিষ্ক

আমি উড়ে উড়ে খুঁজি সব মিথ্যে সঙ্গী
আমি নামছি নিচে সব হয়ে যাবে ধ্বংস

আজ আমার যা আলো তা তোমার অন্ধকার
আর আজ আমার যা অন্ধকার তা তোমার... উপসংহার

## Darkness has Risen

আর আমি তোমাদের মত ঘুমাই না
জেগে রাত্রি তোমরা দেখার যোগ্য না
তোমরা অশুদ্ধ, তোমরা নগণ্য
তোমরা কীটপতঙ্গ, তোমরা জঘন্য

জন্মাতে লাগেনা আমার নয় মাস
ব্ল্যাকহোল কে করি আমি নিমিষেই গ্রাস
হিউব্রিস কে আমি টপকাই প্রতিদিন
ঘুমাও তোমরা ঘুমাও সব হৃদয়হীন –

তলিয়ে যাইনি আমি কোনো চোরাবালিতে
ভেসে যাইনি আমি কোনো সুনামিতে
মানুষরূপী কীটের মিথ্যে অভিনয়ে
হয়েছিলাম পঙ্গু এই পৃথিবীতে
সুসময়ের বন্ধু আজ আঁধারে ঘুমিয়ে
পুড়িয়েছি তাদের আগুনের দাবানলে
অশুভ হয়ে গেছে আমার পাখা এক পাশে
ধীরে ধীরে যাচ্ছি আমি আঁধারের ভুবনে

আজ দেখো আমি জ্বলে পুড়ছি এই ভুবনে
হয়ে যাচ্ছি ছাই
কাল হয়তো ফিরে আসবো আবার ফিনিক্স হয়েই
কোনো আঁধার ছাড়াই

Written by- Bassbaba Sumon
Tuned by- Bassbaba Sumon & Mark Don

# শিকারী

সন্ধ্যাটা নেমেছে, আরেকটু পরে সব হয়ে যাবে আঁধার
আমি আছি বসে একাকী আঁধারেরই অপেক্ষায়
অপেক্ষা থামেনা কখন যে দেখবো এই জোছনা
বের হবো আমি, অন্ধকারের সিংহাসনে বসা

আমি তো নই তোমাদের মত কোনো সাধারণ কেউ থাকা বসে
আমি তো রাতের আঁধারে তৃষ্ণা মেটাই তোমাদেরই রক্তে

যদি জানো আমি কে, তবে আসবে না আমার সংস্পর্শে কেউ
আমি এক শিকারী, হাতিয়ার ছাড়াই হাত দুটো সুনামির ঢেউ
আমি চলি একা, নেই কোনো পিছুটান নেই কোনো মিথ্যে মায়া
আমি চলি রাতে ওলিগলি পেরিয়ে তোমাদের রক্ত নেশায়

একটা সময় ছিল আমি যে ছিলাম তোমাদেরই মত
তারপর এক জোছনায় ধ্বংস করে দিলো আধার আমার সব
বের হয়ে গেলাম আমি প্রতিশোধের নেশাতে
তার সাথে যুদ্ধে হেরে নিজেই হয়ে উঠলাম অশুভ যে

আমি তো নই তোমাদের মত কোনো সাধারণ কেউ থাকা বসে
আমি তো রাতের আঁধারে তৃষ্ণা মেটাই তোমাদেরই রক্তে

যদি জানো আমি কে, তবে আসবে না আমার সংস্পর্শে কেউ
আমি এক শিকারী, হাতিয়ার ছাড়াই হাত দুটো সুনামির ঢেউ
আমি চলি একা, নেই কোনো পিছুটান নেই কোনো মিথ্যে মায়া
আমি চলি রাতে ওলিগলি পেরিয়ে তোমাদের রক্ত নেশায়

Written by- Bassbaba Sumon
Tuned by- Bassbaba Sumon

# ক্যাকটাস
(feat. Ahnaf)

হাটছি আমি একা জীর্ণ
ভাঙ্গা কোনো পথে
ক্যাকটাসের কাটা ফুটছে
আমার এই খোরা পায়ে
নেই রক্তাক্ত পায়ে ব্যথার অনুভূতি
চোখে আজ ভাসে তোমার মিথ্যে অভিনয়ের ছবি

পথের কাটায় আজ আমি ব্যথাহীন
হয়ে গেছি আমি ক্যাকটাস

পুড়েছি কতবার তোমার মিথ্যায়
ভেবেছি তোমায় নিয়ে যে হবে মোর বাসর
এখন তোমায় আর নেই প্রয়োজন
একা ক্যাকটাসের মতো আমি একাই একশো

চাইনি তোমার কাছে তেমন কিছু কখনো আমি
দিয়েছিলে শুধু আমায় মিথ্যে প্রতিশ্রুতি
ভাবিনি তোমার নিষ্পাপ কোমল মুখের নিচে
আছে লুকিয়ে পচে যাওয়া নষ্ট টুকরো মস্তিষ্কের

পথের কাটায় আজ আমি ব্যথাহীন
হয়ে গেছি আমি ক্যাকটাস

পুড়েছি কতবার তোমার মিথ্যায়
ভেবেছি তোমায় নিয়ে যে হবে মোর বাসর
এখন তোমায় আর নেই প্রয়োজন
একা ক্যাকটাসের মতো আমি একাই একশো

এটা নয় কোনো গান
এটা নয় কোনো সুর
এটা নয় কোনো কবিতা
এটা উত্তাল... ঝড়

ঝড়
ঝড়
ঝড়
ঝড়

পুড়েছি কতবার তোমার মিথ্যায়
ভেবেছি তোমায় নিয়ে যে হবে মোর বাসর
এখন তোমায় আর নেই প্রয়োজন
একা ক্যাকটাসের মতো আমি একাই একশো

আমি একাই একশো
আমি একাই একশো

WRITTEN BY- BASSBABA SUMON
TUNED BY- MARK DON

# ইচ্ছে

মাঝে মাঝে ইচ্ছে করে
উঠে যাই পাহাড়চূড়ায়
কাটিয়ে দেই সারাটি রাত
একাকি নিদ্রাহীন

তোমরা শুধু বলো আমায়
হয়ে গেছে মোর বয়সটা
এই বয়সে তোমার কি
মানায় এই ইচ্ছেটা

আমি বলি
বয়স তো হলো সে তো জানি
তাই বলে কি উঠব না পাহাড়ে
মুখে নিয়ে চিলতে হাসি

কেন শুনবো তোমাদের কথা
কেন শুনবো তোমাদের কথা

মাঝে মাঝে ইচ্ছে করে
হেঁটে চলে যাই সাগরে
ঢেউয়ের সাথে নাচবো আমি
নেই থামানোর কেউ মোরে

তোমরা শুধু বলো আমায়
হয়ে গেছে মোর বয়সটা
এই বয়সে তোমার কি
মানায় এই ইচ্ছেটা

আমি বলি
বয়স তো হলো সে তো জানি
তাই বলে কি ভাসব না সাগরে
মুখে নিয়ে চিলতে হাসি

কেন শুনবো তোমাদের কথা
কেন শুনবো তোমাদের কথা

মাঝে মাঝে ইচ্ছে করে
কোনো এক নদীর তীরে
কুয়াশায় শুয়ে কাটিয়ে দেই
সারারাত নিদ্রাহীন

তোমরা শুধু বলো আমায়
হয়ে গেছে মোর বয়সটা
এই বয়সে তোমার কি
মানায় এই ইচ্ছেটা

আমি বলি
বয়স তো হলো সে তো জানি
তাই বলে কি দেখব না নদী আর
মুখে নিয়ে চিলতে হাসি

কেন শুনবো তোমাদের কথা
কেন শুনবো তোমাদের কথা

মাঝে মাঝে ইচ্ছে করে
কাটাই কোলে মাথা রেখে
সারারাত শুধুই গল্প
দুজনাই নিদ্রাহীন

তোমরা শুধু বলো আমায়
হয়ে গেছে মোর বয়সটা
এই বয়সে তোমার কি
মানায় এই ইচ্ছেটা

আমি বলি
বয়স তো হলো সে তো জানি
তাই বলে কি পারব না বলতে
তোমায় ভালোবাসি

Written by- Bassbaba Sumon
Tuned by- Bassbaba Sumon

# বেদনার চোরাবালি ২

(feat. Frank Gambale & Bob Franceschini)

শীতকাল কুয়াশায় আমি হেঁটে যাই
পচিশ বছর ধরে এখনো যে তোমাকে চাই
পুরোনো গান দুঃখের পালোয়ান বদলায়নি কিছুই
মনের মাঝে অন্ধকারের ডাক যাচ্ছি পিছু পিছু

এখনো যে ইচ্ছে করে তোমায় কাছে পেতে
কিন্তু পারিনা সুখের পিপড়া হয়ে তোমায় যে ছুঁতে
অলস মস্তিষ্কে শুধু সুখের স্বপ্নগাথা
নাচতে থাকে সকাল বিকেল তুমি তুমি ছাড়া

শরীর পুড়ে যাচ্ছে ধীরে ধীরে
আধারের ছায়ায়
সারা শরীর জ্বলছে আমার
তীব্র ব্যথায়

হয়তো উঠবো আবার
মিশে যাওয়া ছাই থেকে
আবার তলিয়ে যাবো
বেদনার চোরাবালিতে

বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি

খেলায় হারবো বলে মাঠে নামি লজ্জাহীন
আমার সকল ভাবনা তুমিময় প্রতিদিন
কিন্তু পারিনা যে ছুঁতে তোমায় আজ
আধারের বালির টানে যাচ্ছি তলিয়ে আজ

তোমায় ভেবে শুনি রেডিওতে সমর্পণ (এই)
চামড়ার কাগজে রক্তে তোমাকেই অংকন
গানের কথা ভুলতে থাকি
আলঝেইমার্স ডিজিজ
কিন্তু ভুলিনা তোমায় আর ফুসফুস নিশ্বাসহীন

শরীর পুড়ে যাচ্ছে ধীরে ধীরে
আধারের ছায়ায়
সারা শরীর জ্বলছে আমার
তীব্র ব্যথায়

হয়তো উঠবো আবার
মিশে যাওয়া ছাই থেকে
আবার তলিয়ে যাবো
বেদনার চোরাবালিতে

(Let's get funky)

বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি
বেদনার চোরাবালি

WRITTEN BY- BASSBABA SUMON
TUNED BY- BASSBABA SUMON

# উন্মাদ

অনেকদিন তো বসে আছি এখনো আলোর আশায়
অনেক রাত তো কেটে গেল মোর ঘুমহীন
ধীরে ধীরে হয়ে যাচ্ছি কেমন যেন আমি
যাচ্ছি কোথায় জানি না আমি অনুভূতিহীন

আমি তো হতে চাইনি
কোনো জড় এক অনুভূতি

আমি তো যেতে চাই আলোর মাঝে
যেথা নেই উন্মাদনার ঋণ

স্বপ্ন দেখি আলোর
যেন ধরে উঠায় আমাকে
আঁধারের ওপাশটা থেকে
শুধু তোমারই তোমারই জন্যে
আমি দেখি সূর্য দেখি
দেখি  জোছনা  আর দেখি তোমায়
পেছনে ফেলে
আঁধারটাকে ভেঙে গুড়িয়ে

অনেকদিন তো কেটে যায় শুধু তোমারই আশায়
আঁধার মোরে ছাড়েনা জাপটে ধরে
হঠাৎ মনের মাঝে আসে তোমার সব ছবি
যেন মনে হয় ছুঁচছো তুমি আমার শরীর

বুকের সব শক্তি দিয়ে চিৎকার করি
আঁধারের শিকল ভাঙতে থাকি

আমি তো যেতে চাই আলোর মাঝে
যেথা নেই উন্মাদনার ঋণ

স্বপ্ন দেখি আলোর
যেন ধরে উঠায় আমাকে
আঁধারের ওপাশটা থেকে
শুধু তোমারই তোমারই জন্যে
আমি দেখি সূর্য দেখি
দেখি জোছনা আর দেখি তোমায়
পেছনে ফেলে
আঁধারটাকে ভেঙে গুড়িয়ে

নিয়ে যাও আমাকে
নিয়ে যাও আমাকে

WRITTEN BY- BASSBABA SUMON
TUNED BY- BASSBABA SUMON & MARK DON

# বৃষ্টির গান

কেন এত বৃষ্টি চাও এই ধরনীতে?
দিব্যি আছি চোখের জলে সকাল সন্ধ্যা রাতে
কেন তোমার এ প্রার্থনা 'আজ বৃষ্টি হোক'?
বৃষ্টিতে তো ভিজবে শুধুই, মুছবে নাকো শোক

কেন তুমি চাচ্ছো ভিজুক মোদের লেখা গান?
শুকনো থাকুক গানের খাতায় মান অভিমান
বৃষ্টি যদি নামে আবার ভেসে যাবে সবই
আমি কিন্তু ডালপালাটাই জাপটে ধরে আছি

ভাবছো তুমি বলছি আমি আবোলতাবোল সব
বৃষ্টি এলে থামবে কিন্তু আমার কলরব
সময় ছাড়া সবই আছে আমার দুটো হাতে
বৃষ্টি এলেই হারিয়ে যাবো অজানা আকাশে

চাই যে শুধু তোমায় আমার পাশে
যখন চারিদিকে আঁধার নামবে
পেতে চাই স্পর্শ তোমার হাতের
হারিয়ে যাবার একটু আগে

জানি থাকব না যে আমি
যাবো কোথাও হারিয়ে
ভুলে যাবে সবাই
কাদবে না কেউ এ গানে

মিলিয়ে যাবে মোর স্মৃতি
দূরের ঐ আকাশে
নেই কোনো ভয় মোর
যদি থাকো পাশে

ভাবছো তুমি বৃষ্টিকে মোর কেন এত ভয়
মুমুর্ষ এই আত্মাতে কি ভেজা জীবন সয়?
আমি তো আর গানের খাতায় নেই আগের মত
কখন আবার হারাবো নিয়ে শরীর ভরা ক্ষত

যে কটা দিন থাকবে আমার এ চোখ দুটো খোলা
তোমার হাসি দেখতে যে চাই অন্যকিছু ছাড়া
বৃষ্টি যদি আবার নামে এ ধরনীর বুকে
নিয়ে যাবে তোমার থেকে আমায় অনেক দূরে

চাই যে শুধু তোমায় আমার পাশে
যখন চারিদিকে আঁধার নামবে
পেতে চাই স্পর্শ তোমার হাতের
হারিয়ে যাবার একটু আগে

জানি থাকব না যে আমি
যাবো কোথাও হারিয়ে
ভুলে যাবে সবাই
কাদবে না কেউ এ গানে

মিলিয়ে যাবে মোর স্মৃতি
দূরের ঐ আকাশে
নেই কোনো ভয় মোর
যদি থাকো পাশে (৩)

WRITTEN BY- BASSBABA SUMON
TUNED BY- BASSBABA SUMON

# নিকৃষ্ট ৪

একটা সময় ছিল তোর হাতে হাত
এখন সে হাতে শুধু ব্লেডে কাটা দাগ!
শুকনো এ ঠোঁটে ছিলনা যে কোন পাপ
বিষ দিয়ে চেটেছিস! ছিল না যে লাজ

মাঝে মাঝে ঘুম ভাঙ্গে গভীর রাতে
হৃদপিণ্ডের ক্যানসার আর ঘামের শরীরে
তোর করা অভিনয় যায় মনে পরে
কাছে টেনে ঠেলেছিলি নর্দমাতে

ভাগ **** ভাগ! ভাগ **** ভাগ!
ভাগ **** ভাগ! ভাগ **** ভাগ!
ভাগ **** ভাগ! ভাগ **** ভাগ!
ভাগ **** ভাগ! ভাগ **** ভাগ!

**তুমি বলেছিলে মানুষ বদলায়**
**আমিও বদলে গেছি**
**কে থামাবে আজ তোমায় অপমান**
**সবাই ছেড়ে গেছ**

তুই নেই হাতে আছে ব্লেডে কাটা দাগ
নেই তোর মগজের প্যাঁচে ভরা পাপ
পচে যাওয়া মাথাটায় পুজ ভরা ক্ষয়
বেইমান বেইমান নষ্ট হৃদয়

প্রেম করনি তুমি করে ছিলে খুন
কাটা হাতে জন্মায় ঘেন্নার ভ্রুন
ভ্রুন ঘষে ধার করে মর্চের খুড়
বদলেছি আমি আর আমার সুর

তুমি বলেছিলে মানুষ বদলায়
আমিও বদলে গেছি
কে থামাবে আজ তোমায় অপমান
সবাই ছেড়ে গেছে

দেহতো দিলে অনেক লোভ টাকার
অনেকতো হলো এখন থামাও
সুগার ড্যাডির তো ছিল না অভাব
অনেকতো হলো, চিনি কম খাও

(ভাগ **** ভাগ!)
জানি রাতে ঘুম নেই হৃদয়ে ফারাক
(ভাগ **** ভাগ!)
ভেবেছো এখনো তুমি অনেক চালাক
(ভাগ **** ভাগ!)
আজ এসে বলিস আমাকেই চাস
(ভাগ **** ভাগ!)
আমি কি ফেলনা নাকি ভাগ তুই ভাগ
(ভাগ **** ভাগ!)
তুমি নেই হাতে আছে ব্লেডে কাটা দাগ
(ভাগ **** ভাগ!)
নেই তোর মগজের প্যাঁচে ভরা পাপ
(ভাগ **** ভাগ!)
মাথাটায় পুচ ভরা ক্ষয়
(ভাগ **** ভাগ!)
বেইমান বেইমান নষ্ট হৃদয়

তুমি বলেছিলে মানুষ বদলায়
আমিও বদলে গেছি
কে থামাবে আজ তোমায় অপমান
সবাই ছেড়ে গেছে
তুমি বলেছিলে মানুষ বদলায়
আমিও বদলে গেছি
কে থামাবে আজ তোমায় অপমান
সবাই ছেড়ে গেছে

তুমি নিকৃষ্ট

WRITTEN BY- BASSBABA SUMON
TUNED BY- BASSBABA SUMON & MARK DON

# Tracklist

I. Phoenix 2 ( feat. Bubby Lewis )

II. Shikari

III. Cactus ( feat. Ahnaf )

IV. Ichchhe

V. Bedonar Chorabali 2
( feat. Frank Gambale & Bob Franceschini )

VI. Unmad

VII. Brishtir Gaan

VIII. Nikkrishto 4

**Scan to listen**

**www.diaryofphoenix.click**

© 2025 Aurthohin,
℗ 2025 Aurthohin, under license to melabel